সাতকানিয়া উপজেলা বাজার মূল্য পর্যবেক্ষন,মনিটরিং ও নিয়ন্ত্রন কমিটির সভার কার্যবিবরনী :

সভাপতি: আনজুমানা আরা,উপজেলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ,সাতকানিয়া,চট্টগ্রাম।
সভার স্থান: ভাইস চেয়ারম্যানের অফিস কক্ষ।
সভার তারিখ ও সময়: ০৭/০২/২০২২-তারিখ সকাল ১১.০০টা
সভার উপস্থিতি: পরিশিষ্ট " ক "

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতি বর্তমানে কিছু কিছু ভোগ্য পন্যের বাজার মূল্য কিছুটা উর্ধ্বমুখী মর্মে আলোকপাত করেন। এ প্রেক্ষিতে উপজেলা খাদ্য নিয়ন্ত্রক জানান যে কিছু ব্যবসায়ী অতিলোভের আশায় কৃত্রিম সংকট সৃষ্টি করে থাকে, বর্তমানে কঠোর মনিটরিং এর ফলে বাজার মূল্য স্থিতিশীল আছে। সদস্য সচিবের বক্তব্যের সাথে উপস্থিত সকল সদস্যগণ একমত পোষণ করেন। মহৎ উদ্যেশে গঠিত অত্র কমিটির উপর অর্পিত দায়িত্বাবলী আন্তরিকতার সহিত সম্পাদনের জন্য সভাপতি কমিটির সকল সদস্যকে ধন্যবাদ জানান এবং আগামীতে আরো সক্রিয় থাকার জন্য সভাপতি সকলকে অনুরোধ করেন। বাজার মূল্য অধিকতর নিয়ন্ত্রন রাখার জন্য বিস্তারিত আলোচনার পর সর্বসম্মতিক্রমে নিম্মোক্ত সিদ্ধান্ত গ্রহন করা হয়:

সিদ্ধান্ত-১। কমিটি নিয়মিত ভাবে হাট-বাজার পরিদর্শন করা এবং বাজার মূল্য পর্যবেক্ষণ ও যাচাই করণ অব্যাহত রাখা।
সিদ্ধান্ত-২। ব্যবসায়ীরা যাতে কোন অবস্থায় অবৈধ ভাবে অধিক পন্য বেশী দিন মজুদ করে কৃত্রিম সংকট সৃষ্টি করতে না পারে সে দিকে নজর রাখা।
সিদ্ধান্ত-৩। প্রতি দুইমাস পর পর কমিটির সভা করা এবং অগ্রগতি পর্যালোচনা করা। তবে জরুরী প্রয়োজনে যে কোন সময় মিটিং করা এবং আলোচনা করা।
সিদ্ধান্ত-৪। কমিটির সভা পরিচালনা এবং এ বিষয়ে কার্যক্রম সম্পাদন সংক্রন্ত ব্যয় নির্বাহের জন্য উপজেলা পরিষদ তহবিল হতে অদ্যাবধী কোন অর্থ বরাদ্ধ না পাওয়া পুনরায় অর্থ বরাদ্ধ চাওযার সিদ্ধান্ত গ্রহন করা হয়।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম সমাপ্তি ঘোষনা করেন।

( আনজুমানা আরা )
উপজেলা ভাইস চেয়ারম্যান
ও
সভাপতি
বাজার মূল্য পর্যবেক্ষন,মনিটরিংওনিয়ন্ত্রন কমিটি
সাতকানিয়া, চট্টগ্রাম।

স্মারক নং-১৩.০১.১৫৮২.০০২.৪৫.০০৬.২২- ৫৮ তারিখঃ-০৭/০২/২০২২ খ্রি:

অনুলিপি:সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে।

১। মাননীয় সংসদ সদস্য, সাতকানিয়া- লোহাগাড়া, চট্রগ্রাম-১৫।

২। জেলা প্রশাসক,চট্রগ্রাম।

৩। জেলা খাদ্য নিয়ন্ত্রক, চট্রগ্রাম।

৪। চেয়ারম্যান , উপজেলা পরিষদ, সাতকানিয়া উপজেলা, চট্রগ্রাম।

৫। উপজেলা নির্বাহী আফিসার, সাতকানিয়া , চট্রগ্রাম।

৬। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সাতকানিয়া , চট্রগ্রাম ও সভাপতি,বাজার মূল্য পর্যবেক্ষন,মনিটরিং ও নিয়ন্ত্রন কমিটি।

৭। চেয়ারম্যান---------------------------- ( সকল )ইউনিয়ন পরিসদ, সাতকানিয়া, চট্রগ্রাম ও সদস্য,বাজার মূল্য পযবেক্ষণ ,মনিটরিং ও নিয়ন্ত্রন কমিটি।

৭/২/২২

তপন কুমার বড়ুয়া

উপজেলা খাদ্য নিয়ন্ত্রক(অ:দা:)

সাতকানিয়া, চট্রগ্রাম

ও

সদস্য সচিব

বাজার মূল্য পর্যবেক্ষন,মনিটরিং ও নিয়ন্ত্রন কমিটি।

CamScanner

# সাতকানিয়া উপজেলা বাজার মূল্য পর্যবেক্ষন,মনিটরিং ও নিয়ন্ত্রন কমিটির সভার কায বিবরনী :

সভাপতি: আনজুমানা আরা, ভাইস চেয়ারম্যান, সাতকানিয়া উপজেলা,চট্রগ্রাম।
সভার স্থান: ভাইস চেয়ারম্যান এর অফিস কক্ষ।
সভার তারিখ ও সময়: ১৪/০৪/২০২২-তারিখ সকাল ১১.০০টা

সভার উপস্থিতি: পরিশিষ্ট " ক "তে দেখানো হলো।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন এবং সূচনা বক্তব্যে তিনি বলেন যে, উপজেলা পরিষদে গঠিত বিভিন্ন উপ-কমিটির মধ্যে উপজেলা বাজার মূল্য পযবেক্ষন,মনিটরিং ও নিয়ন্ত্রন কমিটি অত্যন্ত গুরুত্বপূর্ণ। সুতরাং উক্ত কমিটির উপর অর্পিত দায়িত্ব যথাযথ ভাবে পালনের জন্য সকলের আন্তরিক সহযোগিতা কামনা করেন । আগামীতে কমিটির করনীয় বিষয়ে আলোচনা করার জন্য কমিটির সদস্য সচিবকে অনুরোধ জানান। অত:পর কমিটির সদস্য সচিব তথা উপজেলা খাদ্য নিয়ন্ত্রক জানান যে, কিছু কিছু অসাধু ব্যবসায়ী বেশী মুনাফা লাভের আশায় ভোগ্য পন্যের কৃত্রিম সংকট সৃষ্টি করে বাজারে পণ্যের মূল্য অস্থিতিশীল করার চেষ্টা করে থাকে। কমিটি কর্তৃক নিয়মিত বাজার তদারকি ও পযবেক্ষন করা হলে ব্যবসায়ীরা অবৈধভাবে মজুদ করতে পারবেনা এবং কৃত্রিম সংকট সৃষ্টি করতে পারবেনা। তিনি সভায় আরও বলেন যে, অনেক ব্যবসায়ী লাইসেন্স ছাড়াহ ব্যবসা করে এবং ঐ সমস্ত ব্যবসায়ীরাই মুলত: খাদ্য শস্য ও নিত্য প্রয়োজনীয় পণ্যের মজুদ ধরে রেখে কৃত্রিম সংকট সৃষ্টি করে থাকে। সুতরাং সকল পর্যায়ের ভোগ্য পন্যের ব্যবসায়ীকে লাইসেন্স এর আওতায় আনা হলে বাজার মনিটরিং ও মূল্য নিয়ন্ত্রন অধিকতর সহজ হবে। যে কোন ব্যবসায়ী এক মেট্রিক টন অর্থা ১০০০কেজি ভোগ্য পণ্য মজুদ করে ব্যবসা করলে সরকারের সংশ্লিষ্ট দপ্তর থেকে লাইসেন্স গ্রহনের জন্য সরকারী নির্দেশনা রয়েছে। এ বিষয়ে কমিটি কর্তৃক উদ্যোগ গ্রহনের জন্য তিনি উপস্থিত সকলের প্রতি অনুরোধ জানান । সভায় বিস্তারিত আলোচনার পর সকলের সর্বসম্মতিক্রমে নিম্নলিখিত সিদ্ধান্ত সমূহ গ্রহন করা হয়:

**সিদ্ধান্ত-১। কমিটি কর্তৃক গুরুত্বপূর্ণ হাট-বাজার নিয়মিত পরিদর্শন করা এবং বাজার মূল্য পযবেক্ষণ ও যাচাহ করা। লাইসেন্স বিহীন ব্যবয়ীকে লাইসেন্স গ্রহনের জন্য উদ্বুদ্ধ করা।**

**সিদ্ধান্ত-২। ব্যবসায়ীরা যাতে কোন অবস্থায় ভোগ্য পন্য অবৈধ ভাবে বেশী দিন মজুদ করে কৃত্রিম সংকট সৃষ্টি করতে না পারে সে দিকে নজর রাখা।**

সিদ্ধান্ত-৩। প্রতি দুই মাস পর পর কমিটির সভা করা এবং অগ্রগতি পর্যালোচনা করা। তবে জরুরী প্রয়োজনে যে কোন সময় মিটিং করা এবং আলোচনা করা।

সিদ্ধান্ত-৪। কমিটির সভা পরিচালনা এবং এ বিষয়ে কাযক্রম সম্পাদন সংক্রন্ত ব্যয় নির্বাহের জন্য উপজেলা পরিষদ তহবিল হতে অর্থ বরাদ্ধ চাওয়ার সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাযক্রম সমাপ্তি ঘোষনা করেন।

( আনজুমানা আরা )
উপজেলা ভাইস চেয়ারম্যান
ও
সভপতি
বাজার মূল্য পর্যবেক্ষন,মনিটরিংওনিয়ন্ত্রন কমিটি
সাতকানিয়া, চট্রগ্রাম।

CS CamScanner

স্মারক নং-১৩.০১.১৫৩৯.০০২.৪৫.০০৬.২২- ১৪৬

তারিখঃ-১৪/০৪/২০২২ খ্রি:

অনুলিপি:সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যাথে।

১। মাননীয় সংসদ সদস্য,সাতকানিয়া-লোহাগাড়া, চট্টগ্রাম-১৫।
২। জেলা প্রশাসক,চট্টগ্রাম।
৩। জেলা খাদ্য নিয়ন্ত্রক, চট্টগ্রাম।
৪। চেয়ারম্যান , উপজেলা পরিষদ, সাতকানিয়া উপজেলা, চট্টগ্রাম।
৫। উপজেলা নির্বাহী আফিসার, সাতকানিয়া , চট্টগ্রাম।
৬। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ,সাতকানিয়া, চট্টগ্রাম ও সভাপতি,বাজার মূল্য পর্যবেক্ষন,মনিটরিং ও নিয়ন্ত্রন কমিটি।
৭। চেয়ারম্যান ---------------------------------- ( সকল ) ইউনিয়ন পরিষদ, সাতকানিয়া , চট্টগ্রাম ও সদস্য,বাজার মূল্য পর্যবেক্ষন,মনিটরিং ও নিয়ন্ত্রন কমিটি।

১৪/৪/২২

তপন কুমার বড়ুয়া
উপজেলা খাদ্য নিয়ন্ত্রক(অ:দা:)
সাতকানিয়া , চট্টগ্রাম
ও
সদস্য সচিব
বাজার মূল্য পর্যবেক্ষন,মনিটরিং ও নিয়ন্ত্রন কমিটি।

CS CamScanner